

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার নং- ০২

জানুয়ারী ০৪, ২০১২
তারিখ : -----
পৌষ ২১, ১৪১৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ।

প্রিয় মহোদয়,

ঋণের সুদ হার নির্ধারণ প্রসঙ্গে ।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৩, তারিখ-মার্চ ০৯, ২০১১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

প্রসঙ্গতঃ আর্থিক খাত সংস্কার কর্মসূচীর আওতায় বিআরপিডি সার্কুলার নং-৩৩/১৯৮৯ এর মাধ্যমে একটি নমনীয় সুদ হার নীতিমালা প্রবর্তন করা হয় । উক্ত নীতিমালার আওতায় ব্যাংকসমূহ নিজেস্বয় ঋণের সুদ হার নির্ধারণ করতে পারে । তবে বিশ্ব মন্দা পরিস্থিতি বিবেচনায় কতিপয় খাতে ঋণের সুদ হারের উর্ধ্বসীমা আরোপ করা হয়েছিল ।

এ প্রসঙ্গে এক্ষণে প্রি-শিপমেন্ট রপ্তানী ঋণ ও কৃষি ছাড়া অন্যান্য খাতে ব্যাংক ঋণের উপর সুদ হারের উর্ধ্বসীমা প্রত্যাহার করা হলো ।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(কে. এম. আব্দুল ওয়াদুদ)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫